সংবাদ

২৯৬

তারিখ ২৪.৯.৮১ … … …
পৃষ্ঠা… … … … কলাম… … …

035

# দিনাজপুরের অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়ে অব্যবস্থা ।। পড়াশোনা ব্যাহত

পার্বতীপুর (দিনাজপুর), ৭ই আগষ্ট (নিজস্ব সংবাদদাতা)।— দিনাজপুর জেলার গ্রামাঞ্চলের অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়ে বিভিন্ন সমস্যা ও অব্যবস্থা বিরাজ করায় পড়াশুনা দারুণভাবে ব্যাহত হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে।

শিক্ষা দফতর সূত্রে জানা যায়, সমগ্র জেলায় মোট ১৫৩৩ টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে সদর মহকুমার ১২টি থানায় ৮২৭টি, ঠাকুর্গাও মহকুমার ৫টি থানায় ৪০৭টি ও পচাগড় মহকুমার ৫টি থানায় ২৯৯টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে।

বর্তমানে জেলার গ্রামাঞ্চলের অধিকাংশ প্রাথমিক বিদ্যালয় হাজারো সমস্যার জর্জরিত। দীর্ঘ দিন থেকে সংস্কার ও উন্নয়নের অভাবে অধিকাংশ বিদ্যালয়ের জরাজীর্ণ অবস্থা। বর্ষার সময় বেশির ভাগ বিদ্যালয়ের চালা দিয়ে পানি পড়ে। ফলে কাঁচা মেঝে স্যাঁতসেঁতে হয়ে যায়। বৃষ্টির সময় পানি পড়ার অনেক বিদ্যালয়ে পড়াশুনা বন্ধ থাকে। কোন কোন বিদ্যালয়ের জানালা, দরজা নেই। বেঞ্চের অভাবে মেঝোতে ক্লাস করতে হয়। ব্লাক বোর্ড, চক, ডাষ্টারসহ শিক্ষা উপকরণের দারুণ অভাব রয়েছে। এ সকল সমস্যা ও অব্যবস্থার দরুন প্রাথমিক শিক্ষা দারুণভাবে ব্যাহত হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে।

দিনাজপুর জেলার প্রাথমিক বিদ্যালয়সমূহের বিভিন্ন সমস্যা দূরীকরণার্থে সরকারী অনুদানের ব্যবস্থা গ্রহণের প্রয়োজন হয়ে পড়েছে।